

ইস্টার্ন রিফাইনারী লিমিটেড

উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

তারিখ: ৩১/০১/২০২১ খ্রি.

ইনোভেশন টিমের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

বিগত ২৬/০১/২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০২:১৫ ঘটিকায় ইনোভেশন টিমের ২০২১ সালের জানুয়ারি মাসের মাসিক সমন্বয় সভা ইনোভেশন অফিসার, জনাব মো. মোস্তাফিজার রহমান, ডিজিএম (পি এন্ড এস)-এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতি: সংলাপ-১)।

২.০ আলোচনা:


শুরুতে সভাপতি নবগঠিত কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। প্রথমে বর্তমান টিমে অন্তর্ভুক্ত নতুন সদস্যদেরকে টিমের কার্যপরিধি বিষয়ক সংক্ষিপ্ত ধারণা দেওয়া হয়। অতঃপর চলতি অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের বর্তমান অবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় ইনোভেশন টিমের পরবর্তী করণীয় লক্ষ্য, অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন, উদ্ভাবনী বাজেট বাস্তবায়ন, ট্রেনিং/কর্মশালা/সেমিনারসহ বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত করা হয়।

৩.০ সিদ্ধান্ত:

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুসারে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে ওয়েবসাইটে তথ্য হালনাগাদ করতে হবে।
- আগামী মার্চের মধ্যে 'উদ্ভাবন ও সেবা সহজিকরণ' বিষয়ে অন্তত ০১ (এক) টি ০১ (এক) দিনের সেমিনার/কর্মশালা সম্পন্ন করতে হবে।
- বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী ০৩ (তিন) লক্ষ টাকা ইআরএল এর ২০২০-২১ অর্থবছরের বাজেটে অর্থের সংস্থান করতে হবে।
- দ্রুততম সময়ের মধ্যে অর্ধবার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর স্ব-মূল্যায়ন সুসম্পন্ন করতে হবে।
- "Integrated planning software development for inventory, sales & production of petroleum products" উদ্যোগটির শোকেসিং এর জন্য দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুতি নিতে হবে।
- বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২১-২২ এর উদ্ভাবনী ধারণা আহ্বানের জন্য পরিকল্পনা করতে হবে। কমপক্ষে ম্যানেজার পর্যায় পর্যন্ত বিজ্ঞপ্তি সরবরাহ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(সোহরাব হোসেন)
এএম (প্ল্যানিং) ও
সদস্য, ইনোভেশন টিম

বিতরণ:

জনাব মো. মোস্তাফিজার রহমান ডিজিএম (পি এন্ড এস) ও ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
জনাব মামশাদ করিম আনোয়ার, এজিএম (সি এন্ড পি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব সামিউল ইসলাম, ম্যানেজার (কিউসি) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মো. কামরুজ্জামান, ম্যানেজার (টেকনিক্যাল সার্ভিসেস) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মো. সাইফুর রহমান, এএম (পার্সোন্যাল) ও সদস্য, ইনোভেশন টিম
জনাব মো. বায়েজিদ ইসলাম, এএম (সিডিপি) ও সদস্য, ইনোভেশন টিম

অনুলিপি:

ব্যবস্থাপনা পরিচালক- সদয় অবগতির জন্য

এজিএম (ট্রেনিং): ক্রমিক নং ৩(খ) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

ফাইল